

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং -০৯

তারিখ :-----  
জুন ২০, ২০১১  
আষাঢ় ০৬, ১৪১৮

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

সুদ হার নির্ধারণ, প্রদর্শন এবং রিপোর্টিং প্রসঙ্গে।

ঋণের উপর সুদ হার নির্ধারণ প্রসঙ্গে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-৪, তারিখ ০৬ জুন, ২০০৪ এবং Interest Rate Matrix এ ঋণের সুদ হার প্রদর্শন বিষয়ে জুন ২৮, ২০০৯ তারিখের বিআরপিডি(পি-১) ৬৬১/১৩(গ)২০০৯-২১৯৬-২২৪৩নং পত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উপরোক্ত সার্কুলার ও পত্রে ঋণের উপর সুদ হার নির্ধারণ ও প্রদর্শন বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও ব্যাংকসমূহ সঠিকভাবে ঋণের সুদ হার ঘোষণা করছে না। এ প্রেক্ষিতে, সুদ হার বিবরণীতে অভিন্নতা (Uniformity) বজায় রাখা তথা সম্ভাব্য বিভ্রান্তি এড়ানোর লক্ষ্যে বিষয়টি নিম্নরূপভাবে পুনরায় স্পষ্টীকরণ করা হলো :-

০২। ব্যাংকসমূহ ঋণের সুদ হার ঘোষণার সময় সংশ্লিষ্ট খাতে সুদ পরিসীমার (যদি থাকে) মধ্যবর্তী হার (mid rate) ঘোষণা করবে। ব্যাংকসমূহ তুলনামূলক ঝুঁকি বিবেচনায় গ্রাহকভেদে ঘোষিত হার অপেক্ষা ১.৫% কম বা বেশী হারে ঋণ প্রদান করতে পারবে। উল্লেখ্য, ব্যাংকসমূহ একই খাতে ঋণ গ্রহীতাদের মধ্যে তুলনামূলক ঝুঁকি বিবেচনায় সুদ হারে অনধিক ৩% মাত্রার প্রভেদ করতে পারবে।

০৩। রপ্তানী খাত বা অন্য যে সকল খাতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সর্বোচ্চ সুদ হার নির্ধারিত আছে কিংবা ভবিষ্যতে নির্ধারণ করে দেয়া হবে সে সকল ক্ষেত্রে ব্যাংককে স্থায়ী নির্ধারিত সর্বোচ্চ সুদ হার প্রদর্শন করতে হবে।

০৪। বিদ্যমান নির্দেশনা অনুযায়ী আমানত ও ঋণের সুদ হার বিবরণী সংশ্লিষ্ট মাসের ৭ তারিখের মধ্যে আবশ্যিকভাবে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হবে এবং পরবর্তীতে সুদ হারের কোন পরিবর্তন হলে তা সাথে সাথে অর্থাৎ ঐ পরিবর্তন কার্যকরী হবার তারিখেই বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে।

০৫। গ্রাহকের সুবিধার্থে সুদ হার সংক্রান্ত তথ্য ব্যাংকের প্রধান কার্যালয় ও শাখাসমূহের দর্শনীয় স্থানে প্রদর্শন এবং ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

০৬। উপরোক্ত নির্দেশনাসমূহের যথাযথ পরিপালন নিশ্চিতকরণার্থে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য পরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(কে, এম, আব্দুল ওয়াদুদ)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৭১১৭৮২৫